



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 1st Semester Examinations, 2018

CC1-BENGALI

BANGLA SAHITYER ITIHAS (PRACHIN O MADHYAYUG)

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.
Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) চৈতন্য পূর্ব ও চৈতন্য পরবর্তী মনসামঙ্গল কাব্যের পার্থক্য কি? এই দুই পর্বের দু'জন কবির নাম ও তাঁদের কাব্যের নাম উল্লেখ করো।
- (খ) 'চর্যাপদ' কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন? গ্রন্থটি কোথা থেকে, কত সালে, কী নামে প্রকাশিত হয়।
- (গ) উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্য ধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের মূল বিশেষত্ব দু'চার কথায় ব্যক্ত করো।
- (ঘ) চণ্ডীমঙ্গল কাব্যের আদি কবি কে? এই ধারার শ্রেষ্ঠ কবির কাব্যের নাম উল্লেখ করো এবং বলো এই কাব্যটি কয়টি খণ্ডে বিন্যস্ত?
- (ঙ) সৈয়দ আলাওল কোন শতকের কবি? 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্য রচনাকালে আলাওল কোন দুই কবির কাব্যকে অনুসরণ করেছিলেন?
- (চ) চর্যা পূর্ববর্তীকালের বাংলা দেশের তিনজন কবি ও তাঁদের রচনার নাম উল্লেখ করো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) চর্যাপদে উল্লিখিত সমাজচিত্রের বর্ণনা দাও।
- (খ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচনাকাল উল্লেখ করে বোঝাও এই কাব্য কেন সেই অর্থে বৈষ্ণব মহাজন মণ্ডলে স্বীকৃত হয়নি?
- (গ) মনসামঙ্গল কাব্য ধারায় চৈতন্য পূর্ববর্তীকালের একজন কবির কাব্যকৃতি আলোচনা করো।
- (ঘ) মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? মহাভারতের অনুবাদক হিসাবে তাঁর মৌলিকতা বুঝিয়ে দাও।
- (ঙ) শিবায়ন কি? এই ধারার শ্রেষ্ঠ কবির কাব্যকৃতি সংক্ষেপে আলোচনা করো।
- (চ) মঙ্গলকাব্য ধারার শেষ কবি প্রতিনিধি হিসাবে কবি ভারতচন্দ্রের যুগগত মৌলিকতা কি?